দৈনিক খবর

তারিখ 06 JAN 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

# ৪র্থ পরিকল্পনায় শিক্ষা প্রশাসন উন্নয়নে সাত কোটি টাকার প্রকল্প

চলতি পাঁচসালা পরিকল্পনায় ৪ কোটি ২৮ লাখ টাকার বৈদেশিক মুদ্রাসহ প্রায় ৭ কোটি টাকা ব্যয়ে সাধারণ শিক্ষা কর্মসূচীর আওতায় জাতীয় শিক্ষা প্রশাসন, সম্প্রসারণ ও গবেষণা ইন্সটিটিউট (নিয়েয়ার)-এর একটি প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ প্রকল্পের অধীনে শিক্ষা ব্যবস্থাপনা ক্ষেত্রে ৩৩ লাখ টাকা ব্যয়ে ১৬টি প্রকল্প বাস্তবায়ন করা হবে এবং ৫৪টি নিউজলেটার ও ১৭টি ত্রৈমাসিক জার্নাল প্রকাশিত হবে।

শনিবার ঢাকায় অনুষ্ঠিত নিয়েয়ার-এর পরিচালনা বোর্ডের এক সভায় এ কথা জানানো হয়। শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী সভায় সভাপতিত্ব করেন। শিক্ষা সচিব জনাব আ. ন. ম ইউসুফ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মনিরুজ্জামান মিয়া সভায় উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয় যে, এ প্রকল্পের অধীনে চতুর্থ পাঁচসালা পরিকল্পনা মেয়াদে শিক্ষা বিভাগ ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৮৪০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ দেয়া হবে। এরমধ্যে বিসিএস শিক্ষা ক্যাডারের ২২২০ জন কর্মকর্তাকে দু'মাসব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ দানের কর্মসূচীও অন্তর্ভুক্ত রয়েছে। তথ্য বিবরণী।

সভায় নিয়েয়ার-এর নাম জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নাইম) রাখার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় প্রতিবছর বেশ কিছু কর্মকর্তার মধ্যে চাকরিকালীন প্রশিক্ষণকে এড়িয়ে চলার প্রবণতার কথা উল্লেখ করা হয় এবং ভবিষ্যতে নাইমের মনোনীত কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণে অংশগ্রহণকে বাধ্যতামূলক করা হয়।

শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী নাইমের মাধ্যমে শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা ক্ষেত্রে আরো বেশী গবেষণার ওপর গুরুত্ব আরোপ করেন। যে সব কর্মকর্তা অতীতে প্রশিক্ষণকে এড়িয়ে গেছেন তাদেরকে পরবর্তী কোর্সে ডাকার জন্য তিনি নাইম কর্তৃপক্ষকে নির্দেশ দেন।